

সৌর বিদ্যুতে বাসের ব্যাটারি চার্জের ভাবনা

নিজস্ব সংবাদদাতা

কলকাতায় শুধু ব্যাটারিচালিত বাস চালানোই নয়, সেই ব্যাটারি যাতে সৌর বিদ্যুতে চার্জ দেওয়া যায়, তারও ব্যবস্থা করার চেষ্টা করছে রাজ্য পরিবহণ দফতর। মঙ্গলবার বণিকসভা 'বেঙ্গল চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রিজ' এবং 'ব্রিটিশ ডেপুটি হাইকমিশন' আয়োজিত একটি ওয়েবিনারে এ কথা জানান রাজ্যের পরিবহণসচিব প্রভাত মিশ্র।

তিনি বলেন, “ব্যাটারিচালিত বাস থেকে ধোঁয়া না-বেরোলেও তা চার্জ দিতে বিদ্যুৎ লাগে। তার বেশির ভাগটাই আসে তাপবিদ্যুৎ কেন্দ্র থেকে। তাই বিদ্যুতের চাহিদা বাড়লে অতিরিক্ত কয়লা পুড়িয়ে বেশি তাপবিদ্যুৎ তৈরি করতে হবে। তাতে পরিবেশের উপরে চাপ পড়বে। তাই পরিবেশবান্ধব সৌর শক্তি থেকে বিদ্যুৎ নিয়ে তা দিয়ে বাসের ব্যাটারি চার্জ করার ভাবনা রয়েছে।”

আগামী বছর স্কটল্যান্ডের গ্লাসগো শহরে 'সিওপি-২৬' শীর্ষক আন্তর্জাতিক পরিবেশ সম্মেলন হওয়ার কথা। সে কথা মাথায় রেখেই এই আলোচনার আয়োজন। অনুষ্ঠানে ব্রিটিশ ডেপুটি হাইকমিশনার নিক লো জানান, পরিবেশ রক্ষা ও জলবায়ু বদল রোধে দুনিয়াজোড়া যে মনোভাব, তাকে স্থানীয় স্তরেও নিয়ে আসতে হবে। না-হলে সাফল্য আসবে না। তাঁর বক্তব্যে উঠে আসে সমুদ্রের বাড়তি উষ্ণতা এবং ঘূর্ণিঝড়ের প্রসঙ্গও। আমপানের দাপটে কলকাতায় বহু গাছ পড়েছে। কলকাতায় বায়ুদূষণের মাত্রা বেশি। এত সবুজ নষ্ট হওয়ায় পরিবেশের আরও ক্ষতি হলেই মত পরিবেশবিদদের।